



# যত্তর - মত্তর

অনুপম মুখোপাধ্যায়

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

অনীতাকে ভালবাসে প্রবাল। প্রবালকে ভালবাসে সৌমী, সৌমীকে ভালবাসে বিপুল। আর বিপুলকে ভালো লাগে অনীতার। সব ভাল বাসা এক পাক্ষিক। ভালবাসা মনে মনে। কেউ কাউকে প্রস্তাব করেনি। বিপুল অনীতাকে চেনে না। অনীতা চেনে না সৌমীকে। প্রবাল বিপুলের দূর সম্পর্কীয় আত্মীয়, তাই চেনে। অনীতা শিক্ষিতা, চাকুরীরতা, সুন্দরী। সৌমী গায়িকা, লাভাণ্যময়ী। প্রবাল- অনীতার পাশে অফিসে চাকরী করে। একই বাসে - দুটো স্টপেজ পরে ওঠে অনীতা। প্রবালের সঙ্গে সেই সূত্রে আলাপ। সৌমী প্রবালের অফিসের বাৎসরিক অনুষ্ঠানে গান গায়। একই কলোনীতে থাকে। বিপুল ডান্ডার। সৌমীদের পাড়ায় চেম্বার। অসুখে - বিসুখে কল্ পেলে সৌমীদের বাড়ি যায়। বিপুলের চেহারা য় স্থূলত্ব থাকলেও জৌলুস আছে। প্রবালের গায়ের রং কালো কিন্তু প্রায় ছ'ফুটের মত লম্বা। পেটানো চেহারা।

দিন যায়। একসময় প্রবাল প্রস্তাব দেয় অনীতাকে। অনীতার পছন্দ ডান্ডার। অনীতা প্রত্যাখান করে প্রবালকে। সৌমী একদিন জলসার আসরে প্রবালকে আলাদা ডাকে। প্রস্তাব দেয়। প্রবাল সাড়া দেয় না। বিপুল সৌমীদের বসার ঘরে ওর বৃদ্ধ বাবাকে দেখার পর একলা পেয়ে সৌমীকে মনের কথা বলে। সৌমী ফিরে দেয় বিপুলকে। প্রবালের সঙ্গে একবার অনীতা অফিসের ব্যবসায়িক লেনদেনের ব্যাপারে ওদের পাড়ায় এসেছিল। সেই সময়ই বিপুলের সঙ্গে আলাপ। প্রবালকে প্রত্যাখান করার অল্প দিন পরেই বিপুলের সঙ্গে আকস্মাৎ দেখা হয়ে যায় অনীতার। অনীতা বিপুলকে তার দুর্বলতার কথা বলে। বিপুল, এখন ওসব নয় বলে এড়িয়ে যায়।

দিন যায়। দিল্লীর যত্তর - মত্তরে দেখা হয় চারজনেরই।

অফিসের কাজে প্রবাল এসেছে দিল্লী; অনীতাকেও সাতদিনের ট্রেনিং -এ পাঠিয়েছে ওদের অফিস। বিপুল এসেছে তার ভাই -এর কাছে। সৌমীরা সপরিবারে এসেছে দিল্লী - আত্মা ঘুরতে।

সৌমী দেখল প্রবালের সাথে কথা বলছে একটি মেয়ে। রাগ হল তার। রেগে ইচ্ছে করেই প্রবালকে উপেক্ষা করে বিপুলের সঙ্গে কথা বলতে শু করল। সৌমীকে বিপুলের সাথে কথা বলতে দেখে অনীতার খুব রাগ হল। অনীতা ইচ্ছে করেই বিপুলকে দেখিয়ে প্রবালের সঙ্গে আরো ঘনিষ্ঠ হয়ে কথা বলতে থাকল।

কার সাথে কি কথা হল জানা গেল না। কিন্তু আশ্চর্য! সব না গুলো যত্তর - মত্তর গিয়ে 'হঁ্যা' হয়ে গেল। যত্তর - মত্তর সত্যিই বড় ঘোরালো জায়গা।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)